

# বিসিএস নন-ক্যাডার প্রধান শিক্ষক সমিতির পূর্ণাঙ্গ কমিটি গঠন

নিজস্ব প্রতিবেদক

১২ মে, ২০২৫ ১৯:৪৩

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

বিসিএস নন-ক্যাডার প্রধান শিক্ষক সমিতির পূর্ণাঙ্গ কমিটি গঠিত হয়েছে। রবিবার (১১ মে) রাজধানীর সেগুনবাগিচায় কেন্দ্রীয় কচি-কাঁচার মেলা অডিটরিয়ামে এক সভায় এই কমিটি গঠিত হয়। এতে বিসিএস নন-ক্যাডার থেকে সরকারি

প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগপ্রাপ্ত বিভিন্ন ব্যাচের প্রধান শিক্ষকরা অংশগ্রহণ করেন। সভায় ৫১ সদস্য বিশিষ্ট বিসিএস নন-ক্যাডার প্রধান শিক্ষক সমিতির পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়।

কমিটির সভাপতি নির্বাচিত হন রাজধানীর মাদারটেক সরকারি প্রাথমিক বিদ্যালয়, মতিঝিলের প্রধান শিক্ষক (নন-ক্যাডার) মো. খোরশেদ আলম এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হন নোয়াখালীর সুবর্ণচরের চরবাটা আনছার মিয়াবাহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নন-ক্যাডার) ছোটন চন্দ্র রায়।

### আরো পড়ুন



আন্তর্জাতিক বাজারে কমেছে সোনার দাম

এ ছাড়া সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হন সোহাগ সিদ্দিকী, পুকুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, মোহনগঞ্জ, নেত্রকোনা; ১ নং সিনিয়র সহসভাপতি নির্বাচিত হন রায়হান আহমেদ, কালিকাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, সোনাইমুড়ী, নোয়াখালী এবং ১ নং সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক নির্বাচিত হন মো. কামরুল ইসলাম রাশেদ, ফুলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, সাভার, ঢাকা এবং ৩ নং যুগ্ম সাধারণ সম্পাদক নির্বাচিত হন রাজু মন্ডল, গোলখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়, কয়রা, খুলনা।

আগামী তিন বছরের জন্য এ কমিটি নির্বাচিত হয়েছেন। বিসিএস নন-ক্যাডার থেকে নিয়োগপ্রাপ্ত প্রধান শিক্ষকবৃন্দের আন্তঃসম্পর্ক বৃদ্ধি, পেশাগত উন্নয়ন, সার্ভিস সংক্রান্ত বিভিন্ন সমস্যার যৌক্তিক সমাধান এবং মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে এই সমিতি প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন।